দৈনিক আমাদের সময়

তারিখ ... 08 DEC 2017 ...
পৃষ্ঠা ...১২... কলাম ...[illegible]...

# স্বামীর কর্ম-এলাকায় বদলি হতে পারবেন প্রাথমিকের শিক্ষকরা

## ফের সংশোধন হচ্ছে বদলি নীতিমালা

**নিজস্ব প্রতিবেদক ●**

সরকারি প্রাথমিক স্কুলের শিক্ষকদের স্বামীর কর্ম-এলাকায় বদলির বিধান রেখে আবারও সংশোধন হচ্ছে প্রাথমিক শিক্ষক বদলি নীতিমালা। নারী শিক্ষকদের চাকরি ছেড়ে দেওয়া বা ঝুঁকি নিয়েই চাকরি করার প্রবণতা কমাতে সংশোধনের এ উদ্যোগ নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

২০১৫ সালের নীতিমালার কিছু ধারা পরিবর্তনের প্রস্তাব করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই)। এতে নতুন করে স্বামীর কর্মস্থলে (সিটি করপোরেশন ছাড়া) বদলি, তফসিলভুক্ত ব্যাংক এবং ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারীদের স্বামী বা স্ত্রীর কর্মস্থলে বদলির সুযোগ দেওয়া হয়েছে। তবে এ সুযোগ তার চাকরি জীবনে দুবার নিতে পারবেন। এ ছাড়াও আরও বেশ কয়েকটি ধারা পরিবর্তন করা হয়েছে। বছরের যে কোনো সময় বদলিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ক্ষমতা খর্ব করা হয়েছে। তবে বিশেষ কারণে যে কোনো সময় মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের (ডিপিই) মহাপরিচালক, প্রাথমিক জেলা শিক্ষা অফিসার ও বিভাগীয় উপ-পরিচালকের সুপারিশে সুবিধামতো স্থানে বদলি হওয়া যাবে।

এ প্রসঙ্গে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবু হেনা মোস্তফা কামাল বলেন, শিক্ষক বদলির কিছু জটিলতা ছিল, এটা দূর করতেই নীতিমালার সংশোধন। শিক্ষক বদলির কিছু ধারায় নতুন প্রস্তাব করেছি। এই নীতিমালা চূড়ান্ত হলে শিক্ষক বদলি আরও সহজতর হবে। চাকরি ছেড়ে দেওয়া বা ঝুঁকি নিয়েই চাকরি করার প্রবণতা কমে যাবে। খসড়ায়

এরপর পৃষ্ঠা ২, কলাম ৩

## স্বামীর কর্ম-এলাকায় বদলি হতে

(শেষ পৃষ্ঠার পর) ৩-এ ৯ ধারায় বলা হয়েছে, প্রাইমারি স্কুলশিক্ষকরা স্বামীর কর্মস্থল এলাকা বা এর পার্শ্ববর্তী এলাকায় বদলি (পদ শূন্য থাকা সাপেক্ষে) হতে পারবেন। আগে স্বামীর নিজ জেলায় শিক্ষকরা বদলি হতে পারলেও স্বামীর কর্মস্থল এলাকায় বদলিতে অনেক জটিলতা পোহাতে হতো, যা ছিল অনেকটা দুঃসাধ্য। এ পরিবর্তন হলে মানবিক কারণসহ কয়েকটি ক্যাটাগরিতে সারা বছর বদলির আবেদন করা যাবে। ফলে স্বামীর সঙ্গেই থাকতে পারবেন প্রাথমিক স্কুলশিক্ষিকারা। ২০১৫ সালের শিক্ষকের স্ত্রী/স্বামী সরকারি, আধা সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো প্রতিষ্ঠানের চাকরি করলে সেখানে কর্মস্থলে বদলি করা যেত। কিন্তু আধা সরকারি ধারায় ব্যাপক বিশৃঙ্খলা দেখা দিলে আধা সরকারি শব্দটি বাদ দিয়ে 'তফসিলভুক্ত ব্যাংক ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের কর্মস্থলে বদলি হওয়া যাবে' করা হয়।